

তারিখঃ ২৫ সেপ্টেম্বর ২০১৯ || বুধবার

ইউআইইউতে ফল ২০১৯ শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে ফল ২০১৯-এর আন্তঃপ্রাঙ্গণ্ডুয়েট ও পোস্টগ্রাডুয়েট শিক্ষার্থীদের নবীনবরণ গতকাল অনুষ্ঠিত হয়েছে। স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিকস ও স্কুল অব সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে সদ্য ভর্তি হওয়া শিক্ষার্থীরা এতে অংশ নেয়। ইউআইইউ উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান এতে প্রধান অতিথি ছিলেন।

প্রধান অতিথি বলেন, 'চতুর্থ শিল্পবিপ্লব কর্মক্ষেত্রে নতুন নতুন চ্যালেঞ্জ তৈরি করবে। তাই মানসম্পন্ন ও সঠিক শিক্ষায় শিক্ষিত হয়ে চ্যালেঞ্জ মোকাবেলায় নিজেদের তৈরি করতে হবে। শিক্ষার্থীদের পড়াশোনার পাশাপাশি ইনোভেশন ও গবেষণায় মনোযোগে পরামর্শ দেন তিনি।

অভিভাবকদের সন্তানের দিকে বিশেষ নজর দেওয়ার আহ্বান জানান উপাচার্য। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক এএসএম সালাহউদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডিন, বিভাগীয় প্রধান ও পরিচালকসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তারা। বিজ্ঞপ্তি।



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে ফল ২০১৯-এর আন্তঃপ্রাঙ্গণ্ডুয়েট ও পোস্টগ্রাডুয়েট শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠান